# উপজেলা পরিষদের এপ্রিল- ২০২৩ মাসের সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ মোখছেদুল মোমিন<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>সৈয়দপুর, নীলফামারী। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর। |
| তারিখ | ঃ | ৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ। |
| সময় | ঃ | বেলা-১১.০০টা। |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" ক " এবং অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট-" খ "তে দেখানো হয়।**

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে সভা পরিচালনার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুরোধক্রমে এজেন্ডা ভিত্তিক সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনাঃ-১, গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ

সভায় ৩০.০৩.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় গত কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

সিদ্ধান্তঃ-১, বিস্তারিত আলোচনান্তে গত ৩০.০৩.২০২৩ তারিখের সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

আলোচনাঃ-২, উপজেলা পরিষদের কমিটির সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে উপজেলা কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদ কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

সিদ্ধান্তঃ-২, বিস্তারিত আলোচনান্তে কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতির বরাবরে উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৩, সরকারী পরিপত্র নিয়ে আলোচনাঃ-

আলোচ্য সময়ে কোন সরকারী পরিপত্র পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৩, সরকারী পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনাঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ-

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫, নীলফামারী-৪ মহোদয়ের প্রতিনিধি উপস্থিত না থাকায় কোন সুপারিশ পাওয়া যায়নি।

সিদ্ধান্তঃ-৪, মাননীয় জাতীয় সংসদ সদস্য ১৫, নীলফামারী-৪ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

## বিভাগীয় আলোচনা ঃ

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **আলোচনাঃ ৫** উপজেলা প্রকৌশল দপ্তর/বার্ষিক উন্নয়ন কর্মসূচি | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় গৃহীত প্রকল্পসমূহ বাস্তবায়নের কাজ চলছে। নতুন উপজেলা কমপ্লেক্স ভবনের নির্মান কাজ আপাতত বন্ধ রয়েছে। উপজেলা কমপ্লেক্স ভবন নির্মানের স্থানে দলিল লেখকদের শেডটি জরুরীভিত্তিতে অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে পত্র যোগাযোগসহ উপজেলা সাব-রেজিস্ট্রার ও দলিল লেখক সমিতির সাথে বৈঠক করা হবে। | সিদ্ধান্ত ৫ ঃ ২০২২-২৩ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির কাজ যথাসম্ভব দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হল। উপজেলা পরিষদের নতুন কমপ্লেক্স ভবন তৈরীর নিমিত্ত্বে দলিল লেখদের শেডটি অপসারণের সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| নারী বান্ধব ও নারী উন্নয়ন বিষয়ক | **আলোচনাঃ ০৬** উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সভায় নারী উন্নয়ন তথা উন্নয়নমূলক কাজে নারীদের অংশগ্রহণের বিষয়ে আলোচনা করেন। | সিদ্ধান্ত ৬ ঃ বিস্তারিত আলোচনান্তে নারী উন্নয়ন ক্ষেত্রে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ইউএনও<br>২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান। |
| উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ দপ্তর | **আলোচনাঃ ৭.১** উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, ১৪টি কমিউনিটি ক্লিনিক নিয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। জলাতঙ্ক রোগের ভ্যাকসিন পর্যাপ্ত রয়েছে। নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে। বিদ্যালয় স্বাস্থ্য কেন্দ্রের কার্যক্রম চালু রয়েছে। এছাড়াও তিনি জানান যে, ডায়বেটিস এবং হাইপার টেনশন রোগের ০১ মাসের ঔষধ তাঁর দপ্তর হতে প্রদান করা হয়। বিষয়টি বহুল প্রচারের জন্য উপস্থিত সকলের প্রতি অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.১ ঃ ১) সৈয়দপুর উপজেলায় করোনাভাইরাসের ভ্যাকসিন গ্রহণের জন্য মানুষদের মাঝে সচেতনতা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২) জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন টাস্কফোর্স কমিটির সভা নিয়মিত আয়োজন করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| উপজেলা কৃষি দপ্তর | **আলোচনাঃ ৭.২** উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, মাঠে বিদ্যমান বোরো ধানের অবস্থা মোটামুটি ভাল। এছাড়া কৃষি বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকি করা হচ্ছে। এছাড়াও তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা এক ইঞ্চি জমিও ফাঁকা থাকবেনা-এর প্রেক্ষিতে যদি কোন বিদ্যালয়ে উপযুক্ত স্থান থাকে তবে প্রস্তাব পেলে তাঁর দপ্তর হতে প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রদান করা হবে। | সিদ্ধান্ত ৭.২ ঃ ১। কৃষির বিষয়ে কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে হবে। সার ও ডিজেলের মূল্য ও মজুদ পরিস্থিতি নিয়মিত তদারকির সিদ্ধান্ত গৃহীত হলো।<br>২। শিক্ষা প্রতিষ্ঠানসমূহের অব্যবহৃত জমিতে সবজি বা ফুলের বাগন তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা কৃষি অফিসার<br>২। উপজেলা শিক্ষা অফিসার<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| উপজেলা প্রাণি সম্পদ দপ্তর | **আলোচনাঃ ৭.৩** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সভায় জানান যে, দুধ,ডিম ও মাংসের উৎপাদন বৃদ্ধির লক্ষে তাঁর দপ্তর হতে মাঠ পর্যায়ে টিকাদান ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়াও গবাদিপশুর চিকিৎসাসহ প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হচ্ছে। খামার স্থাপন,ঘাস চাষসহ ইত্যাদি বিষয়ে পরামর্শ প্রদান অব্যাহত রয়েছে। | সিদ্ধান্ত ৭.৩ ঃ বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সৈয়দপুরকে ডিম, মাংস উৎপাদন বৃদ্ধিসহ গৃহপালিত পশু-পাখির রোগবালাই প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দপ্তর | **আলোচনাঃ ৭.৪** সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য চাষের বিষয়ে প্রয়োজনীয় পরামর্শসহ বিভিন্ন সহায়তা তাঁর দপ্তর হতে প্রদান করা হচ্ছে। | সিদ্ধান্ত ৭.৪ ঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তাকে এ উপজেলায় দেশীয় মাছের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ১০০ শয্যা হাসপাতাল | **আলোচনাঃ ৭.৫** আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকার কারনে তাঁর দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.৫ আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা বিশিষ্ট হাসপাতালকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল |
| উপজেলা সমাজসেবা দপ্তর | **আলোচনাঃ ৭.৬** উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় সভায় জানান যে, সামাজিক নিরাপত্তার আওতায় ভাতাভোগীদের চলতি অর্থ বছরের বরাদ্দের ৩য় কিস্তির টাকা বিতরণ করা হয়েছে। তিনি মৃত ভাতাভোগীদের তালিকা অতি সত্ত্বর জমা দেয়ার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া ভাতাভোগীদের ভাতা প্রদান কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৬ ঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে এ উপজেলার ভিক্ষুক পুনর্বাসনের লক্ষে প্রকৃত ভিক্ষুক বাছাইপূর্বক ভিক্ষুক পুনর্বাসনের প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো। এ উপজেলার সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় সকল ভাতাভোগীদের ভাতা প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| উপজেলা শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৭** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, বিদ্যমান শিক্ষা প্রতিষ্ঠানের আশেপাশের দুই কিলোমিটার এলাকায় কোন বিদ্যালয় স্থাপন করা যাবেনা। তবে উপযুক্ত স্থানে কেউ জমি দান করলে নতুন বিদ্যালয় স্থাপনের সুপারিশ প্রেরণ করা যেতে পারে। | সিদ্ধান্ত ৭.৭ ঃ উপজেলা শিক্ষা অফিসারকে এ উপজেলা প্রকৃত ঝরে পড়া শিক্ষার্থীর হার নির্ণয়ের জন্য অনুরোধ করা হলো। অনুপস্থিত ছাত্র/ছাত্রীদের বাড়িতে গিয়ে তার পরিবারের সাথে আলোচনাপূর্বক অনুপস্থিত থাকার কারনটি প্রধান শিক্ষকের দায়িত্বে | উপজেলা শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | নিশ্চিত করতে হবে। | |
| উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | **আলোচনাঃ ৭.৮** উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। প্রশ্নপত্র ফাঁস নিয়ে মিথ্যা খবর যাতে ছড়িয়ে না পড়ে সে বিষয়ে নজর রাখা হচ্ছে। বিদ্যালয়সমূহ নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৮ ঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকতা, সৈয়দপুরকে নিয়মিতভাবে বিদ্যালসমূহ মনিটরিং করার জন্য বলা হলো। প্রত্যন্ত অঞ্চলের বিদ্যালয়সমূহে মানসম্মত শিক্ষা প্রদানের জন্য মনিটরিং বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| উপজেলা খাদ্য দপ্তর | **আলোচনাঃ ৭.৯** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ধান ও চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা পাওয়া গেছে। ধান সংগ্রহের লক্ষমাত্রা ৪৪১ মেঃ টনের মধ্যে বাজার মূল্য বেশি হওয়ায় সংগ্রহ সম্ভব হয়নি। খাদ্যবান্ধব কর্মসূচির সুবিধাভোগীদের ডাটাবেইজ তৈরীর কাজ চলছে। এছাড়া OMS কার্যক্রম আপাতত বন্ধ রয়েছে। এছাড়া দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.৯ ঃ ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সৈয়দপুরকে খাদ্য গুদামে কর্মরত শ্রমিকদের ডাটাবেইজ তৈরীর জন্য বলা হলো।<br>২। খাদ্য বান্ধব কর্মসূচি মনিটরিং বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| উপজেলা নির্বাচন দপ্তর | **আলোচনাঃ ৭.১০** উপজেলা নির্বাচন অফিসার, সৈয়দপুর সভায় জানান যে, নতুন ভোটার নিবন্ধনসহ দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১০ ঃ উপজেলা নির্বাচন অফিসার, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | **আলোচনাঃ ৭.১১** উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, জন্ম নিয়ন্ত্রণ ও পরিবার পরিকল্পনা বিষয়ে দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১১ ঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। এছাড়াও জন্ম নিবন্ধনের নিমিত্ত্বে FWV এবং FWA কর্তৃক নবজাতকের তথ্য ফরম আকারে ইউনিয়ন পরিষদে নিয়মিত সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১২** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ দপ্তরের অন্যান্য প্রকল্প বা কর্মসূচির কার্যক্রম ধারাবাহিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.১২ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে তাঁর দপ্তরের প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা মহিলা বিষয়ক দপ্তর | **আলোচনাঃ ৭.১৩** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, VWB এর আওতায় সুবিধাভোগী চূড়ান্ত করা হয়েছে। মাতৃত্ব ভাতার মার্চ/২০২৩ পর্যন্ত সুপারিশ পাওয়া গেছে। শীঘ্রই চূড়ান্ত করা হবে। তবে পৌরসভার সুপারিশ এখনও পাওয়া যায়নি। তিনি আরও জানান যে, আইজিএ প্রশিক্ষণ আপাতত বন্ধ রয়েছে। এছাড়া ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৩ ঃ ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে বাল্যবিবাহ প্রতিরোধসহ VWB ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য বলা হলো।<br>২। পৌরসভাকে যথাসময়ে প্রতিবেদন দাখিলের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>২। মেয়র সৈয়দপুর পৌরসভা |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | **আলোচনাঃ ৭.১৪** উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর সভায় বলেন যে, চলতি বরাদ্দের বিপরীতে টিউবয়েলের সকল তালিকা পাওয়া গেছে। বাস্তবায়নের কাজ চলমান রয়েছে। এছাড়া জানান যে, দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৪ ঃ বিস্তারিত আলোচনান্তে উপ-সহকারী প্রকৌশলী, সৈয়দপুরকে দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৫** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অবকাঠামো সংস্কার র্কমসূচি ১ম পর্যায়ের কাজ সম্পন্ন হয়েছে। ২য় র্পযায়ের প্রকল্পসমূহ অনুমোদন হয়েছে। ইজিপিপি ২য় পর্যায়ের বরাদ্দ শীঘ্রই পাওয়া যেতে পারে বলে তিনি সভায় আশাবাদ ব্যক্ত করেন। | সিদ্ধান্ত ৭.১৫ ঃ বিস্তারিত আলোচনান্তে সুষ্ঠভাবে ভিজিএফ বিতরণ সম্পন্নসহ টিআর ও কাবিটা/কাবিখা প্রকল্পের আওতায় প্রকল্প গ্রহণপূর্বক যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। ইজিপিপি এর আওতায় ইউনিয়ন চেয়ারম্যানগণকে প্রকল্প তালিকা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| | | প্রদানের অনুরোধ জানান হয়। এছাড়াও প্রকল্প পুনরাবৃত্তি না করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প তালিকাসমূহ ওয়েব পোর্টালে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হলো। | |
| উপজেলা সমবায় দপ্তর | **আলোচনাঃ ৭.১৬** উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে সমিতিগুলিকে উৎপাদনমুখী করার প্রচেষ্টা চলছে। এছাড়া অন্যান্য দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৬ ঃ উপজেলা সমবায় কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের ঋণ বিতরণ ও আদায়সহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| উপজেলা পরিসংখ্যান দপ্তর | **আলোচনাঃ ৭.১৭** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, সৈয়দপুর সভায় সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৭ ঃ উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |
| উপজেলা আনসার ভিডিপি দপ্তর | **আলোচনাঃ ৭.১৮** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.১৮ ঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| উপজেলা যুব উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.১৯** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, শেখ জামাল যুব উন্নয়ন ও প্রশিক্ষণ কেন্দ্রের জন্য জমি প্রয়োজন। তিনি আরও বলেন যে, যেহেতু তাঁর দপ্তর হতে ঋণ প্রদানের সময় ঋণ গ্রহীতার নিকট হতে জমির কাগজ গ্রহণ করা হয় তাই ভূমিহীনদেরকে ঋণ প্রদান করা সম্ভব হয়না। এছাড়াও তিনি জানান যে, TCB পণ্য বিতরণ কার্যক্রমে তিনি TAG অফিসার হিসেবে দায়িত্ব পালন করার সময় লক্ষ্য করেছেন যে, টিসিবি পণ্যের নির্ধারিত কার্ড ব্যতীত অনেকেই জাতীয় পরিচয় পত্রে সুপারিশ নিয়ে পণ্য ক্রয় করে। এতে শৃঙ্খলা নষ্ট হয়। | সিদ্ধান্ত ৭.১৯ ঃ ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে যুব প্রশিক্ষণ, ঋণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টি কার্যক্রমসহ স্বাভাবিক কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। কামারপুকুর আশ্রয়ন (চিকলী বাজার) প্রকল্পে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো। ২। সকল কাউন্সিলর ও মেয়র, সৈয়দপুর পৌরসভাকে বিধি মোতাবেক TCB কার্যক্রম পরিচালনার জন্য বলা হলো। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>২। মেয়র সৈয়দপুর পৌরসভা |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | **আলোচনাঃ ৭.২০** সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সৈয়দপুর সভায় জানান যে, সম্প্রতি ঢাকায় কয়েকটি স্থানে অগ্নিকান্ড ঘটার কারনে সৈয়দপুরের ব্যবসায়ীসহ সাধারণ মানুষদের মাঝে সচেতনতা বৃদ্ধিমূলক পরামর্শ প্রদান করা হচ্ছে। সৈয়দপুরে জলাধার না থাকার কারনে মার্কেটগুলো বেশ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে।ব্যবসায়ির এলাকাগুলোতে জলাধার রাখা প্রয়োজন। এছাড়াও অনেক ভবনে ভেন্টিলেশনের ব্যবস্থা করা প্রয়োজন। তিনি আরও জানান যে, অধিকাংশ ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নি নির্বাপক ব্যবস্থা নেই। | সিদ্ধান্ত ৭.২০ সিনিয়র স্টেশন অফিসার, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হলো। সৈয়দপুর শহরের প্রত্যেক দোকানে অগ্নি নির্বাপক ব্যবস্থা স্থাপনের জন্য সকল ব্যবসায়ীগণকে অনুরোধ করা হলো। | সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| উপজেলা বন বিভাগ | **আলোচনাঃ ৭.২১** ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রমের আওতায় বিভিন্ন জাতের বনজ ও ফলদ গাছের চারা উৎপাদন ও বিক্রয় চলছে। বর্তমানে দপ্তরের কোন প্রকল্প চলমান নেই। এছাড়াও তিনি জানান যে, সামাজিক বনায়নগুলি নিয়মিত তদারকি করা হয়। | সিদ্ধান্ত ৭.২১ ঃ ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি প্রশিক্ষণ কেন্দ্র, সৈয়দপুরকে নিয়ম বহির্ভূতভাবে সামাজিক বনায়ন কিংবা সরকারি গাছ কর্তনের সঠিক তথ্য নিয়মিত সংগ্রহে রাখার জন্য বলা হলো। এছাড়াও তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, সামাজিক বনায়ন ও নার্সারি কেন্দ্র |
| আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক | **আলোচনাঃ ৭.২২** উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুর সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তর নিয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | সিদ্ধান্ত ৭.২২ উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক, সৈয়দপুরকে পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো। | উপজেলা সমন্বয়কারী আমার বাড়ী আমার খামার ও পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | **আলোচনাঃ ৭.২৩** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋণ বিতরণের পরিমান- ৪,৩০,০০০,০০/-, আদায়ের হার-৯৫%। | সিদ্ধান্ত ৭.২৩ ঃ উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| উপজেলা পাট উন্নয়ন দপ্তর | **আলোচনাঃ ৭.২৪** উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সিদ্ধান্ত ৭.২৪ উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের প্রশিক্ষন কার্যক্রম শুরুর পূর্বে প্রকৃত পাট চাষি বাছাই করে প্রশিক্ষণ প্রদানের জন্য বলা হলো। | উপ-সহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ | **আলোচনাঃ ৭.২৫** উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর, সৈয়দপুর সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা গভর্নেন্স এন্ড ডেভেলপমেন্ট প্রজেক্টের আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে হাজারীহাট উপ স্বাস্থ্য কেন্দ্রের কাজ শেষ হয়েছে। | সিদ্ধান্ত ৭.২৫ ভবনে স্বাস্থ্য বিভাগ কি ধরনের সরঞ্জাম প্রদান করবে তা উল্লেখ করতে হবে। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |
| তথ্য আপা | **আলোচনাঃ ৭.২৬** তথ্য আপা, সৈয়দপুর সভায় জানান যে, তাঁর দপ্তর হতে উপজেলার প্রত্যেক বাড়ির দরজায় গিয়ে তথ্য সহায়তা প্রদান করা হচ্ছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সহায়তা প্রদানসহ উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়াও তিনি বলেন যে, তাঁর দপ্তর হতে নারীদের ওজন, ডায়বেটিস, প্রেসার বিনামূল্যে মেপে দেয়ার কাজ চলছে। | সিদ্ধান্ত ৭.২৬ তথ্য আপা, সৈয়দপুরকে তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | তথ্য আপা, সৈয়দপুর |
| উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর | **আলোচনাঃ ৭.২৭** সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সৈয়দপুর সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.২৭ সহকারী প্রোগ্রামার, সৈয়দপুরকে ফেব্রুয়ারি/২৩ মাসের মাসিক সভার পূর্বে প্রত্যেক ইউনিয়ন/অফিসের প্রকল্পসমূহ ওয়েব পোর্টালে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | সহকারী প্রোগ্রামার |
| পল্লী জীবিকায়ন প্রকল্প | **আলোচনাঃ ৭.২৮** উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সভায় জানান যে, ঋণ বিতরণ ও আদায়সহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সিদ্ধান্ত ৭.২৮ উপজেলা প্রকল্প কর্মকর্তা, পজীপ, বিআরডিবি সৈয়দপুরকে আশ্রয়ন প্রকল্পসমূহে সমিতি গঠনের অনুরোধসহ তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালনার জন্য বলা হলো। | উপজেলা প্রকল্প কর্মকর্তা |
| ইউনিয়ন পরিষদ | **আলোচনাঃ ৭.২৯** চেয়ারম্যান, বাঙ্গালীপুর ইউপি সভায় ধানের ব্লাস্ট রোগ প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানান। তিনি আরও জানান যে, সৈয়দপুর ১০০ শয্যা হাসপাতালে রোগিদেরকে যত্নসহকারে চিকিৎসা প্রদান করা হয়না। চিকিৎসা প্রদানের ব্যাপারে কর্তব্যরত ডাক্তারদের অনীহা রয়েছে বলে রোগীদের কাছ থেকে নিয়মিত মৌখিক অভিযোগ পাওয়া যায়। এছাড়াও মুমূর্ষু রোগী গেলে ডাক্তার রোগীকে প্রাথমিক চিকিৎসা প্রদান না করেই রংপুর মেডিকেল কলেজ ও হাসপাতালে রেফার্ড করে দেন। রোগীদের প্রতি ডাক্তারের এমন অমানবিক কার্যক্রম সম্পর্কে যথাযথ ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। | সিদ্ধান্ত ৭.২৯<br>আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুরকে তাঁর হাসপাতালের চিকিৎসা সেবার মান বৃদ্ধি করার জন্য বলা হলো।<br><br>সকল ইউপি চেয়ারম্যানগণকে তাঁদের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বলা হলো। | আবাসিক মেডিকেল অফিসার, ১০০ শয্যা হাসপাতাল, সৈয়দপুর<br><br>ইউপি চেয়ারম্যান, সকল ইউপি |
| | চেয়ারম্যান, খাতামধুপুর ইউপি সভায় জানান যে, হাজারীহাট থেকে ইউনিয়ন পরিষদ হয়ে তারাগঞ্জ যাওয়ার রাস্তাটির বেহাল দশা। এটি সংস্কার/ মেরামত করা অতি জরুরী। তাঁর ইউনিয়নের সোলার স্ট্রিট লাইটগুলির অবস্থা ভাল নয়। এছাড়াও ইউনিয়ন পরিষদের সাথে একটি বড় গাছ ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে | জরুরী সংস্কার/মেরামত বা নতুন রাস্তা প্রয়োজন এমন সড়কগুলো উর্দ্ধতন কর্তৃপক্ষের নজরে আনার সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | যা কর্তন করা প্রয়োজন।<br><br>চেয়ারম্যান, কামারপুকুর ইউপি বলেন যে, কুজিপুকুর আশ্রয়নে বৈদ্যুতিক খুঁটি না থাকায় মানুষজন ঝুঁকিপূর্ণভাবে অন্যত্র হতে লাইন টেনে বিদ্যুৎ ব্যবহার করছে। তোফায়েলের মোড়ের কাচারী ঘাটের বাঁশের সাঁকোটি মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | | |
| উপজেলা নির্বাহী অফিসার | **আলোচনাঃ ৮** উপজেলা নির্বাহী অফিসার সভায় উল্লেখ করেন যে, সূর্যের হাসি ক্লিনিকে নরমাল প্রসবের চেয়ে সিজারিয়ান বেশি হল বলে অভিযোগ রয়েছে। ক্লিনিকটি কিভাবে পরিচালিত হয়? কাদের দ্বারা পরিচালিত হয়? ব্র্যাকের সাথে এর সম্পর্ক কি? স্বাস্থ্য দপ্তরের সাথে তাদের কার্যক্রম সমন্বয় করা হয় কি না? ক্লিনিকের চিকিৎসক, নার্সসহ কর্মরত কর্মীগণ প্রশিক্ষিত কি না? তিনি এ তথ্যগুলো সংগ্রহপূর্বক প্রদানের অনুরোধ জানান। | **সিদ্ধান্তঃ ৯** উল্লিখিত তথ্যসমূহ জরুরীভিত্তিতে সংগ্রহপূর্বক অত্রাফিসে প্রেরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সৈয়দপুরকে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, সৈয়দপুর |
| আলোচনা বিবিধঃ | **আলোচনাঃ ৯** সভায় উপজেলা নির্বাহী অফিসার নিরাপদ খাদ্য আইন ২০১৩ বিষয়ে উপস্থাপন করেন এবং বাংলাদেশ খাদ্য কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত প্রচারণা পত্র পাঠ করে শোনান। "খাদ্যে ভেজাল ও দূষণ খাদ্য প্রতিরোধে সামাজিক আন্দোলন" এ বিষয়ে জেলা পর্যায়ে পাবলিক মিটিং আয়োজনের সম্ভাব্য রুপরেখা পাওয়া গেছে। তারই আলোকে উপজেলা পর্যায়ে সচেতনতামূলক আলোচনা সভা, ভিডিও ও প্রচারপত্র প্রদর্শনী এবং মাইকিং এর মাধ্যমে প্রচারণার কর্মসূচি প্রণয়ন পূর্বক বাস্তবায়নের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। বিস্তারিত আলোচনা হয়। | সিদ্ধান্ত ৮ ঃ বিস্তারিত আলোচনান্তে নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান |

০৯। উপজেলা নির্বাহী অফিসার সভায় এ উপজেলায় জঙ্গী তৎপরতা রোধকল্পে জনসাধারণকে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধিকরাসহ মসজিদের ইমামগণকে জঙ্গী তৎপরতার কুফল সম্পর্কে খুতবার শেষে বক্তব্য প্রদানের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। জঙ্গীবাদের বিরুদ্ধে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভায় আলোচনা করার জন্য অনুরোধ করা হয়।

১০। সভাপতি সভায় বিভাগীয় কমিশনারের কার্যালয়, রংপুর হতে প্রাপ্ত মানব পাচার রোধ সংক্রান্ত পত্রখানা সভায় উপস্থাপন করেন। এ উপজেলায় মানব পাচার রোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। মানব পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মসজিদে জুম্মার নামাজের খুতবার পূর্বে আলোচনা করার জন্য মসজিদের ইমামগণকে অনুরোধ করা হয়। এছাড়াও মানব পাচার রোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভার পক্ষ থেকে অফিসার ইনচার্জ, সৈয়দপুর থানা ও সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

১১। সভায় উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, নীলফামারী সদর ইউনিট জানান যে, সাইট পরির্দশন কালে দেখা যায় ক্রমিক নং-১৪ জনাব মোঃ আব্দুল মজিদ সরকার, পিতা-মৃত ছপুর উদ্দনি, গ্রাম-চওড়া নগর পাড়া, ইউনিয়ন- কাশিরাম বেলপুকুর এবং ক্রমিক নং-১৫, জনাব মোঃ রবিউল ইসলাম, পিতা-মোঃ হাফেজ উদ্দিন, গ্রাম-খাতামধুপুর, ইউনিয়ন-খাতামধুপুরের সাইটগুলো বিধিসম্মত নয়। তিনি উল্লিখিত সাইট দুটিতে লাইসেন্স প্রদানের সিদ্ধান্তের জন্য উপজেলা পরিষদের সভায় উপস্থাপন করেন।

**সিদ্ধান্তঃ** বিষয়টি পরবর্তী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

১২। (১) সভায় উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর মহোদয় কাশিরাম বেলপুকুর ইউনিয়নের হাজারী হাট বিদ্যালয়ে মুক্ত মঞ্চ নির্মাণ প্রকল্পের পরিবর্তে নিম্নোক্ত প্রকল্পগুলি বাস্তবায়নের জন্য মতামত ব্যক্ত করেন এবং প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

ক) বোতলাগাড়ী আশ্রয়ন প্রকল্পে প্যালাসাইডিং নির্মাণ।

খ) ম্যানন লাইব্রেরি এবং কামারপুকুর ইউনিয়নের তছির উদ্দিন মাদ্রাসা মেরামত ও বেঞ্চ তৈরী।

গ) সৈয়দপুর উপজেলার ০৫টি ইউনিয়নে লাইব্রেরির জন্য বুক সেলফ তৈরী।

(২) ২০২২-২৩ অর্থ বছরে উপজেলা প্রকৌশলী জানান যে, এডিপি এবং ইউপিডিএফ খাতের টেন্ডারকৃত অর্থের ৫% সাশ্রয়কৃত অর্থের প্রকল্প গ্রহণ করা যেতে পারে। সে প্রেক্ষিতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয় সাশ্রয়কৃত টাকার নিম্নোক্ত প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান।

ক) কাশিরাম বেলপুকুর ইউনিয়নে চওড়া পালপাড়া মন্দির সংস্কার।
খ) সৈয়দপুর উপজেলার বিভিন্ন ইউনিয়নের ফুটবল খেলার মাঠে গোলবার স্থাপন।
গ) শেখ রাসেল মিনি স্টেডিয়ামের অবশিষ্ট বাউন্ডারি ওয়াল নির্মাণ।

১৩। উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলায় পঞ্চম পর্যায়ের (২০২০-২১ অর্থবছর) অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ বিষয়ক ২টি উপ-প্রকল্প বাস্তবায়নের জন্য অনুমোদিত হয় এবং সম্মতিপত্রে বর্ণিত শর্তাবলী অনুসরণ করে দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে গৃহীত উপ-প্রকল্পগুলোর কার্যক্রম সম্পন্ন করা হয়। ঠিকাদারগণ উপ-প্রকল্পসমূহ স্পেসিফিকেশন ও নকশা অনুযায়ী বাস্তবায়ন শেষে চূড়ান্ত বিল দাখিল করেন। দাখিলকৃত বিলসমূহ উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য পেশ করা হয়। স্কীম সমূহের প্যাকেজের বিল ভাউচার সমূহের তথ্য নিম্নরুপ ঃ

| ক্রমিক নং | প্যাকেজ নং | উপ-প্রকল্পের নাম | প্রাক্কলিত বাজেট (টাকা) | চুক্তিমূল্য (টাকা) | ঠিকাদার কর্তৃক দাখিলকৃত বিলের পরিমাণ (টাকা) | ভ্যাট ও আয়কর বাদে নীট টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| ০১। | INF-২০২০-২১-৫৫৭৩৮৫-০১ | সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রে ভবন নির্মাণ (পূর্তকাজ) | ৪১,৬৮,২৯৮/- | ৪১,৪৯,৮০৬/০৭৬ | ৪১,৪৮,৮৭৩/- | ৩৭,১৩,২৪২/- |
| ০২। | INF-২০২০-২১-৫৫৭৩৮৫-০২ | সৈয়দপুর উপজেলার হাজারীহাট উপ-স্বাস্থ্য কেন্দ্রের ভবনে স্যানিটারী ও ইলেক্ট্রিক্যাল কাজ | ১৪,১৭,৬১৫/- | ১৩,৩০,০০১/৭৯৯ | ১৩,৩০,০০০/- | ১১,৯০,৩৫০/- |

**সিদ্ধান্ত সমূহ ঃ** আলোচনান্তে উপরে উল্লিখিত উপ-প্রকল্পসমূহ স্পেসিফিকেশন ও নকশা অনুযায়ী বাস্তবায়ন হওয়ায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) মহোদয়ের নিকট অর্থ ছাড় করার জন্য উপজেলা পরিষদ সভায় অনুমোদন দেয়া হয়।

১৪। উপজেলা প্রকৌশলী সভায় উল্লেখ করেন যে, উপজেলা পরিষদের সম্মুখের পশ্চিম-উত্তরের গ্যারেজ রুমটিকে পুরোপুরি Laboratory রুম হিসেবে ব্যবহারের জন্য একটি আলাদা গ্যারেজ আবাসিকের মধ্যে তৈরি করা প্রয়োজন। সভার সিদ্ধান্তমতে বাসাবাড়ি মেরামতের বরাদ্দ সাপেক্ষে গ্যারেজকে Laboratory এবং আবাসিকের ভিতরে আলাদা টিনসেডের গ্যারেজ তৈরির প্রাক্কলন প্রস্তুতের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়।

১৫। উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মহোদয়ের মার্চ/২০২৩ মাসের সম্মানি বাবদ | ৪০,০০০/- |
| ২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর এর মার্চ/২০২৩ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর মার্চ/২০২৩ মাসের সম্মানি বাবদ | ২৭,০০০/- |
| ৪. | উপজেলা পরিষদের মালির মার্চ/২০২৩ মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৫. | উপজেলা পরিষদের সুইপারের মার্চ/২০২৩ মাসের মজুরী | ১৬,৫০০/- |
| ৬. | উপজেলা পরিষদের মার্চ/২০২৩ মাসের আপ্যায়ন ব্যয় বাবদ | ২৬,৮৫০/- |
| ৭. | উপজেলা পরিষদ কার্যালয়ের মার্চ/২০২৩ মাসের আনুষঙ্গিক ব্যয় বাবদ | ৪,৪৭৫/- |
| ৮. | পরিষদের কম্পিউটার সামগ্রী ক্রয় | ৪,২৯৬/- |
| ৯. | উপজেলা পরিষদের ড্রেন পরিস্কার বাবদ | ৮,০০০/- |
| ১০. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ব্যয়ের ভ্যাট | ২,৯৮৫/- |
| ১১. | উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক ও কম্পিউটার সামগ্রী ক্রয়ের ব্যয়ের আয়কর | ১,১৯৪/- |
| ১২. | উপজেলা পরিষদের জীপগাড়ীর জ্বালানি বিল | ৭৪,৭০৬/- |
| ১৩. | উপজেলা চেয়ারম্যান মহোদয়ের জানুয়ারি/২৩ হতে মার্চ/২৩ পর্যন্ত মাসের ভ্রমন বিল | ১৩,১১০/- |
| ১৪. | উপজেলা পরিষদের মোটরযান মেরামত বাবদ বিল | ২১,৬৬৩/- |
| ১৫. | উপজেলা পরিষদের মোটরযান মেরামত কাজের আয়কর | ৭৪৭/- |
| ১৬. | উপজেলা পরিষদের মোটরযান মেরামত কাজের ভ্যাট | ২,৪৯০/- |

| | | |
|---|---|---|
| ১৭. | দৈনিক আমার সংবাদ, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিল | ১৭,২৮০/- |
| ১৮. | দৈনিক আমার সংবাদ, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের আয়কর | ৪১০/- |
| ১৯. | দৈনিক আমার সংবাদ, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের ভ্যাট | ২,৭০০/- |
| ২০. | দৈনিক নীলকথা, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিল | ৯,৮৩০/- |
| ২১. | দৈনিক নীলকথা, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের আয়কর | ৪১০/- |
| ২২. | দৈনিক নীলকথা, ০৬/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের ভ্যাট | ১,৫৩৬/- |
| ২৩. | দৈনিক ভোরের ডাক, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিল | ১৮,১৪৪/- |
| ২৪. | দৈনিক ভোরের ডাক, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের আয়কর | ৭৫৬/- |
| ২৫. | দৈনিক ভোরের ডাক, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের ভ্যাট | ২,৮৩৫/- |
| ২৬. | দৈনিক নীলফামারী বার্তা, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিল | ১৮,৪৩২/- |
| ২৭. | দৈনিক নীলফামারী বার্তা, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের আয়কর | ৭৬৮/- |
| ২৮. | দৈনিক নীলফামারী বার্তা, ০৭/২২-২৩ বিজ্ঞপ্তি এর বিলের ভ্যাট | ২,৮৮০/- |
| ২৯. | উপজেলা পরিষদের উদয়ন ভবনের পানির লাইন মেরামত বিল | ২২,১০৬/- |
| ৩০. | উপজেলা পরিষদের উদয়ন ভবনের পানির লাইন মেরামত বিলের আয়কর | ৭৪১/- |
| ৩১. | উপজেলা পরিষদের উদয়ন ভবনের পানির লাইন মেরামত বিলের ভ্যাট | ১,৮৫৩/- |
| ৩২. | হাট বাজার ইজারা বিজ্ঞাপন বিল বাবদ | ১৯,৭৬০/- |
| ৩৩. | হাট বাজার ইজারা বিজ্ঞাপন বিলের আয়কর | ৫৯৩/- |
| ৩৪. | হাট বাজার ইজারা বিজ্ঞাপন বিলের ভ্যাট | ২,৯৬৪/- |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে এবং করোনাভাইরাসের সংক্রমন হতে নিরাপদ থাকার উদ্দেশ্যে সকলকে সজাগ ও সচেতন থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ মোখছেদুল মোমিন)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।
***www.syedpur.nilphamari.gov.bd***

স্মারক নং- ০৫.৪৭.৭৩৮৫.০০০.০৩.০০২.২৩- তারিখ ঃ ৩০ এপ্রিল ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো ঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫-নীলফামারী-০৪/ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২৩-মহিলা আসন-২৩।

০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

০৪। জেলা প্রশাসক, নীলফামারী।

০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৬। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নীলফামারী।

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর।

০৮। উপজেলা .......................................................অফিসার, সৈয়দপুর, নীলফামারী।

০৯। চেয়ারম্যান,.....................................................ইউপি(সকল), সৈয়দপুর, নীলফামারী।

১০। জনাব..................................................সংরক্ষিত নারী সদস্য, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

১১। অফিস কপি ।

(ফয়সাল রায়হান)
উপজেলা নির্বাহী অফিসার
সৈয়দপুর, নীলফামারী।
ফোনঃ ০২৫৮৯৯৫৬৯০১
মোবাঃ ০১৭১৩৩৯০৬৬৬